তারিখ : 25 JUL 2016
পৃষ্ঠা ০৭ কলাম ২

যুগান্তর

### বিভিন্ন স্থানে কলেজ জাতীয়করণের দাবি

# হাটহাজারীতে শরীরের রক্ত দিয়ে শিক্ষার্থীদের ব্যতিক্রমী প্রতিবাদ

**যুগান্তর ডেস্ক**

চট্টগ্রামের হাটহাজারী কলেজ জাতীয়করণের দাবিতে ক্লাস বর্জন, মানববন্ধন ও মহাসড়ক অবরোধ করার পর এবার বিক্ষুব্ধ শিক্ষার্থীরা তাদের শরীরের তাজা রক্ত দিয়ে ব্যতিক্রমভাবে রোববার প্রতিবাদ জানিয়েছেন। এছাড়া বিভিন্ন স্থানে কলেজ জাতীয়করণের দাবিতে নানা কর্মসূচি পালন করা হয়। যুগান্তর প্রতিনিধিরা জানান—

**হাটহাজারী :** চট্টগ্রামের হাটহাজারী কলেজ জাতীয়করণের দাবিতে ক্লাস বর্জন, মানববন্ধন ও মহাসড়ক অবরোধ করার পর এবার বিক্ষুব্ধ শিক্ষার্থীরা তাদের শরীরের তাজা রক্ত দিয়ে ব্যতিক্রমভাবে রোববার প্রতিবাদ করেছে। কলেজ ক্যাম্পাসে অধ্যক্ষ কার্যালয়ের সামনে এ কর্মসূচি পালন করে। এ সময় স্বেচ্ছায় শিক্ষার্থী শরীর থেকে নেয়া নয় সিরিজ রক্ত নিয়ে ক্যাম্পাসে বিভিন্ন স্থানে 'হাটহাজারী কলেজ সরকারি চাই' লিখে প্রতিবাদ করতে দেখা গেছে। সর্বদলীয় ছাত্রছাত্রী ঐক্য পরিষদের সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে সাকেরিয়া চৌধুরী সাগরের সঞ্চালনায় বক্তব্য রাখেন ইব্রাহিম মনির তাসিফ, আমিরুল ইসলাম, আবু সাঈদ, আলি হায়দার দিসান, হেলাল উদ্দীন, ইফতেখার গালিব, আরাফাত হোসেন, বাবর কবির, নরুল ইসলাম নোবেল, শফিউল গণি পারভেজ, কামাল উদ্দীন, সালাহউদ্দীন সাকা, পারভেজ মেহেদী, মোনায়েম আহমেদ সুহান, মুনতাহা আব্বাস এলিচ, রিয়া দে, মৌমিতা চৌধুরী, পারভিন সুলতানা, জান্নাতুল ফেরদৌস প্রমুখ।

**বাবুগঞ্জ (বরিশাল) :** বাবুগঞ্জ ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে উপজেলা চত্বরে বিক্ষোভ মিছিল বের করা হয়। পরে সমাবেশে বক্তব্য রাখেন অধ্যক্ষ আ ক ম মিজানুর রহমান, অধ্যাপক গোলাম হোসেন, অধ্যাপক মো. শাহ আলম, প্রধান শিক্ষক ইসাহাক মিয়া এসএম খলিলুর রহমান, অমিনুল ইসলাম, প্রভাষক অপু চন্দ্র দাস, হানিফ খান প্রমুখ। পরে অধ্যক্ষ আ ক ম মিজানুর রহমানের নেতৃত্বে ইউএনও আফরোজা বেগম পারুলের মাধ্যমে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর বরাবরে স্মারকলিপি প্রদান করেন।

**চৌগাছা (যশোর) :** যশোরের চৌগাছা শাহাদৎ পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়কে জাতীয়করণের দাবিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন প্রধান শিক্ষক আজিজুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য দেওয়ান তৌহিদুর রহমান, সহকারী অধ্যাপক মোফাজ্জেল হোসেন, আবু জাফর, সহকারী প্রধান শিক্ষক সফিকুল ইসলাম, সিনিয়র শিক্ষক শওকত আলী, আবদুল জলিল, নাসির উদ্দীন, মিজানুর রহমান প্রমুখ।

**বরগুনা :** বরগুনার পাথরঘাটা উপজেলার সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজ জাতিয়করণের দাবিতে বিক্ষোভ মিছিল শেষে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুস সালাম, স্থানীয় ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রূপক, প্রভাষক ভাস্কর রঞ্জন হালদার, ইসতাকুর রসুল তপন, সৈয়দ আসাদুজ্জামান, জাকিয়া সুলতানা, জামিলারা বেগম প্রমুখ।



হাটহাজারী কলেজ জাতীয়করণের দাবিতে রোববার শিক্ষার্থীরা নিজেদের শরীরের রক্ত দিয়ে ব্যতিক্রমী কর্মসূচি পালন করেন যুগান্তর